

নৌপরিবহন খাতসহ অন্যান্য খাতে বিনিয়োগে ইউএস কোম্পানিগুলোর প্রতি বাংলাদেশের আহ্বান

লুইজিয়ানা (যুক্তরাষ্ট্র) ১০ আগস্ট ২০২২


বাংলাদেশের নৌপরিবহন খাতসহ অন্যান্য খাতে বিনিয়োগের বিষয়ে ইউএস কোম্পানিগুলোকে আহ্বান জানানো হয়েছে। ইউএস ডিপার্টমেন্ট অব কমার্স ও কোম্পানির প্রতিনিধিবৃন্দ বাংলাদেশের সাম্প্রতিক অঙ্গতির বিষয়ে সম্যক ধারণা লাভ করেন এবং বাংলাদেশে বিনিয়োগের বিষয়ে গভীর আঘাত প্রকাশ করেন।

গতকাল যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা অঙ্গরাজ্যের নিউ অর্লিনস শহরে আমন্ত্রনকারী সংস্থা ইউএস ট্রেড এন্ড ডেভলপমেন্ট এজেন্সি কর্তৃক ইউএস ডিপার্টমেন্ট অব কমার্স ও ইউএসটিডিএ এর কর্মকর্তাবৃন্দ, ইউএস এর ১৯টি কোম্পানির প্রতিনিধিবৃন্দের অংশহীনে এক বিজনেস রাউন্ডটেবিল বৈঠকে এ আহ্বান জানানো হয়।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি রাউন্ডটেবিল বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

বৈঠকে বিআইডব্লিউটিএর পক্ষ থেকে নৌপরিবহন মন্ত্রণালয় এবং বাংলাদেশের অভ্যন্তরীণ নৌ ব্যবস্থাপনা, বন্দর কার্যক্রম ইত্যাদি বিষয়ে উপস্থাপন করা হয় এবং বেসরকারি ব্যবসায়ী প্রতিনিধি জেমকন গ্রুপের পক্ষ থেকে কাজী ইনাম আহমেদ ও ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং এর বশির আহমেদ পৃথক পৃথক প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

রাউন্ডটেবিল বৈঠকে প্রতিমন্ত্রীর সাথে বিআইডব্লিউটিএর চেয়ারম্যান কমোডর গোলাম সাদেকসহ মন্ত্রণালয়, সংস্থার কর্মকর্তাবৃন্দ এবং বেসরকারি ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।


মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৮২৫৩৬৮